

**ক্রেডিট কার্ডের ব্যবহার**  
**এ পি (ডি আই আর সিরিজ) বিজ্ঞপ্তি নং ৫৩ (২৭ জুন, ২০০২)**

ভারতীয় রিজার্ভ ব্যাংক  
বিনিময় নিয়ন্ত্রণ বিভাগ  
কেন্দ্রীয় কার্যালয়  
মুম্বাই-৪০০০০১

এ পি(ডি আই আর সিরিজ)বিজ্ঞপ্তি নং ৫৩

২৭ জুন, ২০০২

সমস্ত অনুমোদিত বিদেশী মুদ্রা বিনিময়কারীদের প্রতি

মহাশয়/ মহাশয়া

**ক্রেডিট কার্ডের ব্যবহার**

অনুমোদিত বিদেশী মুদ্রা বিনিময়কারীদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে ৩০শে অক্টোবর, ২০০০-এর বিজ্ঞপ্তি নং ১৯-এর অনুচ্ছেদ ৩-এর উপর। এখানে সুস্পষ্ট করা হয়েছে যে 'মুদ্রা' (কারেন্সি) শব্দটি অন্য কিছু ছাড়াও ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, এ টি এম কার্ড ইত্যাদিকেও বোঝাবে এবং যে সমস্ত নিয়ম ও নির্দেশাবলী দেওয়া হয়েছে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যান্ড কন্ট্রোল অ্যাক্টের ভিতরে তা প্রযোজ্য হবে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, এ টি এম কার্ড ইত্যাদির জন্যও।

২। এতদ্বারা এটা সুস্পষ্ট করা হল যে:-

(ক) আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের ব্যবহার করা যাবে ইন্টারনেটের মাধ্যমে যে কোন উদ্দেশ্যে যার জন্য বিদেশী মুদ্রা ক্রয় করা যায় কোন অনুমোদিত বিদেশী মুদ্রা বিনিময়কারীর থেকে। উদাহরণ স্বরূপ, বই-এর আমদানি, ডাউনলোড করা যায় এমন সফটওয়্যার, এবং আমদানি রপ্তানি নীতি অনুমোদিত যে কোন বস্তুর আমদানির জন্য।

(খ) নিষিদ্ধ বস্তু বা বিষয় যেমন লটারি টিকিট, নিষিদ্ধ বা অবৈধ পত্রিকা, সুইপস্টেক্সে অংশগ্রহণ বা কল ব্যাংক পরিষেবার জন্য আন্তর্জাতিক ক্রেডিট কার্ডের ব্যবহার করা যাবে না ইন্টারনেট বা অন্য কোন মাধ্যমে কারণ এসব বস্তু বা কার্যকলাপের জন্য বিদেশী মুদ্রা তোলার অনুমতি নেই।

(গ) ইন্টারনেটের মাধ্যমে আন্তর্জাতিক ক্রেডিট কার্ড ব্যবহার করার জন্য কোন একত্রিত আর্থিক সীমা আলাদা ভাবে ধার্য করা হয়নি।

এটা আরোও সুস্পষ্ট করা হল যে ডেবিট কার্ড এবং এ টি এম কার্ড ব্যবহার করা যাবে যে কোন উদ্দেশ্যে যার জন্য বিদেশী মুদ্রা ক্রয় করা যায় ভারতের যে কোন অনুমোদিত বিদেশী মুদ্রা বিনিময়কারীর থেকে।

৩। অনুমোদিত বিদেশী মুদ্রাব্যবসায়ীদের আরোও দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে ৩রা মে ২০০০ তারিখের ভারতীয় রিজার্ভ ব্যাংকের বিজ্ঞপ্তি নং 14/2000-RB এর নিয়ন্ত্রণ ৪ এর বিষয় (iii)এর উপর। এখানে উল্লেখ করা আছে যে ক্রেতার দ্বারা স্বাক্ষরিত ক্রেডিট কার্ডের চার্জ শ্লিপের বিনিময়ে যে টাকা ক্রেডিট কার্ড পরিষেবাকারী ব্যাংকগুলির কাছ থেকে পাওয়া যায় সেটা ভারত থেকে রপ্তানির একটি অনুমোদিত অর্থগ্রহণ প্রণালী। এই অনুমতি দেওয়া হয় এটার ভিত্তিতে যে আমদানীকারী অর্থপ্রদান করার সিদ্ধান্ত নেন যখন তিনি ভারতে এসেছিলেন। এখন থেকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে অনুমোদিত বিদেশী মুদ্রাব্যবসায়ীদের ভারত থেকে রপ্তানির জন্য ক্রেডিট কার্ডকে ডেবিট করে অর্থগ্রহণ করার অনুমতি দেওয়া হবে সব ক্ষেত্রে যেখানে আমদানীকারী ভারতে আসতেও পারেন বা নাও আসতে পারেন। এই অনুযায়ী, এটা

সুস্পষ্ট করা হল যে অনুমোদিত বিদেশী মুদ্রা ব্যবসায়ী আমদানীকারকের ক্রেডিট কার্ডকে ডেবিট করে ভারত থেকে যে রপ্তানি করা হয়েছে তার জন্য অর্থগ্রহণ করতে পারে যেখানে কার্ডপ্রদানকারী ব্যাংক বা সংস্থা বিদেশী মুদ্রায় টাকা ফেরত দেবে ।

৪। অনুমোদিত বিদেশী মুদ্রাব্যবসায়ীরা, এই সার্কুলারের বিষয়গুলি তাদের সঙ্গে যুক্ত ব্যক্তিদের নজরে আনতে পারেন।

৫। এই সার্কুলারে দেওয়া নির্দেশাবলী, ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট ১৯৯৯(১৯৯৯ এর ৪২)এর ধারা ১০(৪) এবং ধারা ১১(১) এর পরিপ্রেক্ষিতে প্রদানকরা হল।

ইতি ভবদীয়

গ্রেস কোশী

চীফ জেনারেল ম্যানেজার